# হাদীসের নামে জালিয়াতি

বিভাগ/অধ্যায়ঃ অশুদ্ধ হাদীসের বিষয়ভিত্তিক মূলনীতি

রচয়িতা/সঙ্কলকঃ ড. খোন্দকার আব্দুল্লাহ জাহাঙ্গীর (রহ.)

## ৮. ইবনু ওয়াদ‘আনের ‘চল্লিশ হাদীস’ গ্রন্থের সকল হাদীস

৫ম হিজরী শতকের অন্য একজন আলিম ইরাকের মাওসিলের কাযি আবূ নাস্র মুহাম্মাদ ইবনু আলী ইবনু ওয়াদ‘আন (৪৯৪ হি)। তিনি ‘আল-আরবাঈন’ বা ‘চল্লিশ হাদীস’ নামে হাদীসের একটি সংকলন রচনা করেন। এ সংকলনের সকল হাদীসই জাল বা বানোয়াট কথা। ইমাম সুয়ূতী বলেন, এ ‘চল্লিশ হাদীস’ নামক গ্রন্থের হাদীস নামক জাল কথাগুলোর বক্তব্য খুবই সুন্দর। এগুলোর মধ্যে হৃদয় গলানো ওয়ায রয়েছে। কিন্তু কথা সুন্দর হলেই তো তা রাসূলুল্লাহ (ﷺ) -এর কথা বলে গণ্য হবে না। বিশুদ্ধ সনদে তাঁর থেকে বর্ণিত হতে হবে। এ গ্রন্থের সকল হাদীসই জাল। তবে জালিয়াতগণ কোনো কোনো জাল হাদীসের মধ্যে সহীহ হাদীসের কিছু বাক্য ঢুকিয়ে দিয়েছে।

Source — https://www.hadithbd.com/books/link/?id=4738

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন